



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-২

পিএসডি-২ সার্কুলার নং-০৩

তারিখ : ২৬ শ্রাবণ, ১৪৩৩
১০ আগস্ট, ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/

পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর

প্রিয় মহোদয়,

Bangla QR কোডভিত্তিক লেনদেন প্রসারের নিমিত্ত প্রণোদনা প্রদান প্রসঙ্গে।

মার্চেন্ট পেমেন্ট সহজীকরণ, ক্ষুদ্র ও প্রান্তিক পণ্য ও সেবা বিক্রেতাদের ডিজিটাল পেমেন্টের আওতায় আনয়নসহ দেশের ডিজিটাল পেমেন্ট ব্যবস্থাকে আরও নিরাপদ, শাস্ত্রীয় ও ইন্টারঅপারেবল করার মাধ্যমে একটি সমন্বিত ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেম গড়ে তোলার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক 'Bangla QR' কোডভিত্তিক পরিশোধ ব্যবস্থা চালু করেছে।

২। এক্ষেপে, Bangla QR কোডভিত্তিক লেনদেনের সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিশোধ ব্যবস্থায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে ব্যক্তিক রিটেইল হিসাবের মাধ্যমে অনবোর্ডকৃত ক্ষুদ্র ও প্রান্তিক পণ্য বিক্রেতা এবং সেবা প্রদানকারী মার্চেন্ট পয়েন্টে সম্পাদিত ২,০০০ (দুই হাজার) টাকা পর্যন্ত প্রতিটি Bangla QR কোডভিত্তিক NPSB প্ল্যাটফর্মের লেনদেনের বিপরীতে মাসিক ভিত্তিতে প্রণোদনা প্রদান করা হবে। এ ক্ষেত্রে, নিম্নোক্ত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট একুয়ারিং প্রতিষ্ঠানকে লেনদেনের পরিমাণের ০.১০% এবং ইস্যুয়িং প্রতিষ্ঠানকে লেনদেনের পরিমাণের ০.২০% হারে প্রণোদনা প্রদান করা হবে:

ক) প্রণোদনা পাওয়ার উদ্দেশ্যে কোনো একক লেনদেনকে একাধিক ছোট লেনদেনে বিভক্ত করা, Transaction Structuring করা বা অন্য কোনো কৌশল অবলম্বন করা যাবে না;

খ) Failed, reversed, refunded, chargeback, disputed বা পরবর্তীতে বাতিল হওয়া কোনো লেনদেনের বিপরীতে প্রণোদনা প্রাপ্য হবে না;

গ) বাংলাদেশ ব্যাংক প্রয়োজনবোধে যেকোনো সময় প্রতিষ্ঠানসমূহের এতদসংশ্লিষ্ট লেনদেনের রেকর্ড, মার্চেন্ট-সংক্রান্ত তথ্য, নিষ্পত্তি-সংক্রান্ত তথ্য এবং সংশ্লিষ্ট সহায়ক দলিলাদি যাচাই ও নিরীক্ষা করতে পারবে। এ উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও দলিলাদি সরবরাহ করতে হবে;

ঘ) কোনো প্রতিষ্ঠানকে অতিরিক্ত, কৃত্রিম বা অন্য কোনো ক্রটিপূর্ণ লেনদেনের বিপরীতে বা ভুলবশত প্রণোদনা প্রদান করা হলে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট প্রণোদনার অর্থ ফেরত গ্রহণ বা পরবর্তী প্রণোদনার অর্থের সঙ্গে সমন্বয় করতে পারবে; এবং

ঙ) কোনো মার্চেন্টের অস্বাভাবিক সংখ্যক বা অস্বাভাবিক ধরনের লেনদেন পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট একুয়ারিং প্রতিষ্ঠানকে যথাযথভাবে তা পর্যবেক্ষণ, যাচাই ও পর্যালোচনা করতে হবে এবং কৃত্রিমভাবে লেনদেন বিভাজন, ক্যাশ আউট বা অন্য কোনো ধরনের অপব্যবহার প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ধরনের অপব্যবহার প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দায়ী থাকবে এবং বাংলাদেশ ব্যাংক প্রদত্ত প্রণোদনার অর্থ ফেরত গ্রহণ বা সমন্বয়ের পাশাপাশি পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৩। বর্ণিত নির্দেশনাবলী আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)

পরিচালক (পিএসডি-২)

ফোন: ৯৫৩০৬১১